



অধ্যক্ষের কার্যালয়

উত্তর বাংলা কলেজ

ডাকঘর: কাকিনা, উপজেলা: কালীগঞ্জ, জেলা: লালমনিরহাট।

স্থাপিত: ১৯৯৪

প্রতিষ্ঠান কোড: ৮৯০৩০২৩২০১ (সাধারণ), ৮৯০৩০১৭২০১ (বি.এম), জাতীয় বিশ্ববিদ্যালয়: ২৯০৭, শিক্ষাবোর্ড: ৭৩২৬, কারিগরি: ১৫০২৮, EINN No. 122891



তারিখ: ২২ মে, ২০২২


নোটিশ

এতদ্বারা উত্তর বাংলা কলেজের সকল বিভাগের বিভাগীয় প্রধান ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২১/০৫/২০২২ তারিখে অনুষ্ঠিত গভর্নিং বডির সভার সিদ্ধান্ত মোতাবেক কলেজের বিভিন্ন বিভাগের সমন্বয়ে ০৪ (চার) টি অনুষদ সৃষ্টি করা হয়েছে।

অনুষদসমূহ:

- কলা অনুষদ : বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং দর্শন।
- সামাজিকবিজ্ঞান অনুষদ : রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান ও অর্থনীতি।
- বিজ্ঞান অনুষদ : পদার্থবিজ্ঞান, রসায়ন, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, পরিসংখ্যান, গণিত ও মনোবিজ্ঞান।
- ব্যবসায় প্রশাসন অনুষদ : মার্কেটিং, ফিন্যান্স, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা ও বিবিএ প্রফেশনাল।

সভার সিদ্ধান্ত মোতাবেক প্রত্যেক অনুষদের একটি সমন্বিত রুটিন প্রণয়ন করতে হবে। প্রত্যেক বিভাগের বিভাগীয় প্রধানগণ আলোচনা সাপেক্ষে রুটিন প্রণয়ন করবেন। সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষক শুধুমাত্র তাঁর নিজের বিষয়ের ক্লাস নিবেন। প্রত্যেক বিভাগ পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে ক্লাসের দায়িত্ব বণ্টন করবেন। দায়িত্ব পালনের ক্ষেত্রে এমপিও, ননএমপিও বা জেনারেল, বিএম ও অনার্স ইত্যাদি শ্রেণিবিভেদ রাখা যাবে না বা কোনো ক্লাস নিতে অস্বীকৃতি জানানো যাবে না। আগামী ২৫/০৫/২০২২ তারিখে মध्ये বিভাগীয় প্রধানগণ বৈঠক করে সংশ্লিষ্ট অনুষদের রুটিন প্রণয়ন কাজ শুরু করবেন। আগামী ০১/০৬/২০২২ তারিখ থেকে অনুষদের কার্যক্রম শুরু হবে এবং নতুন রুটিন অনুযায়ী ক্লাস চলবে। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানানো হলো


22.05.2022
মো. আব্দুর রউফ সরকার
অধ্যক্ষ
উত্তর বাংলা কলেজ
কাকিনা, লালমনিরহাট।